

পশ্চিমবঙ্গ সরকার,
উপকৃষি অধিকর্তার করণ (প্রশাসন), পূর্ব বর্ধমান,
বীরহাটা ব্রীজ হাউস, বীরহাটা, পূর্ব বর্ধমান,
পিন - ৭১৩১০১

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা- ৫৫৬৩

তাং- ০৫.০৯.২০১৮

এতদ্বারা সরকারী আদেশনামা, কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার এর স্মারক সংখ্যা 1181-AG/Co-ordn./O/5A-01/2015 তারিখ 28.08.2018 এবং 279(20)/PLB(Dte.)/FOAP/18-19 তারিখ 20.08.2018 অনুসরণে নিম্নলিখিত শ্রেণিভুক্ত কৃষি পেনশন প্রাপকদের শূন্যপদের সংখ্যা পূরণের জন্য পূর্ব বর্ধমান জেলার অন্তর্ভুক্ত বর্ধমান সদর মহকুমার ১৩ টি ব্লক, কালনা মহকুমার ৫ টি ব্লক এবং কাটোয়া মহকুমার ৫টি ব্লকের কৃষকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা হইতেছে।

আবেদনপত্র বিলি করা শুরু হইবে ০৬/০৯/২০১৮ তারিখ হইতে এবং আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ২০/০৯/২০১৮।

নিম্নলিখিত শর্তগুলি পূরণকারী ব্যক্তিগনই কেবলমাত্র পেনশন পাইবার যোগ্য।

ক) যিনি সর্বাধিক ২ একর পর্যন্ত জমির বর্গাদার অথবা যিনি সর্বাধিক ১ একর পর্যন্ত চাষযোগ্য জমির মালিক ও ঐ জমি নিজে চাষ করিতেন বা করেন অথবা যিনি ১ জন ভূমিহীন ক্ষেত মজুর। সংশ্লিষ্ট বি. এল. এন্ড এল. আর. ও -এর কাছ থেকে নিজ বা বর্গা জমি সম্পর্কিত সার্টিফিকেট এবং গ্রাম পঞ্চায়েত প্রধানের কাছ থেকে ক্ষেত মজুরের সার্টিফিকেট দিতে হবে।

খ) যিনি পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং দরখাস্ত করার সময় একটানা ১০ বছর পশ্চিমবঙ্গে বাস করছেন।

গ) যাহার বয়স সর্বনিম্ন ৬০ বৎসর তাহাকে বয়সের প্রমাণ স্বরূপ ভোটার কার্ডের ও আধার কার্ডের প্রত্যায়িত নকল দিতে হবে। অবশ্য শারীরিক অক্ষম হলে ন্যূনতম বয়স ৫৫ বৎসর হতে হবে এবং সরকারী চিকিৎসকের কাছ হইতে বিধিবর্ণিত শারীরিক অক্ষমতার সার্টিফিকেট দিতে হবে।

ঘ) আবেদনকারীর জীবনধারণের জন্য কোনরকম সংস্থান নেই কিংবা নিকট আত্মীয় কেউ দেখভাল করেন না। (মস্তব্য পেশাদার ভিখারীরা এই ভাতা পাইবেন না)।

ঙ) রাজ্য সরকার অথবা কেন্দ্রীয় সরকার অথবা তাদের দ্বারা পরিচালিত/পোষিত কোন সংস্থা থেকে কোন প্রকার ভাতা বা আর্থিক সাহায্য পান না।

আবেদনপত্র সংশ্লিষ্ট ব্লকের সহ কৃষি অধিকর্তার করণ হইতে পাওয়া যাইবে এবং উক্ত আবেদনপত্র ২০/০৯/২০১৮ তারিখের মধ্যে ঐ অফিসেই জমা করিতে হইবে। আবেদনপত্র অবিকল নকল করেও জমা করা যাবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রাহ্য করা হইবে না।

বিঃদ্র: - বিশদ জানতে হলে নিম্ন-স্বাক্ষরকারী অথবা সহ-কৃষি অধিকর্তা (প্রশাসন), বর্ধমান সদর / কালনা / কাটোয়া মহকুমা অথবা

সংশ্লিষ্ট ব্লকের সহ- কৃষি অধিকর্তার অফিসে (ছুটির দিন বাদে) যোগাযোগ করুন।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ২ -

পূর্ব বর্ধমান জেলার বিভিন্ন ব্লকের শ্রেণীভুক্ত কৃষি পেনশন প্রাপকদের শূন্যপদের সংখ্যা :-

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	কৃষক			বর্গাদার কৃষক			ভূমিহীন ক্ষেত মজুর			মোট সংখ্যা
		সাধারণ (Gen)	তপশীলি জাতি (SC)	তপশীলি উপ-জাতি (ST)	সাধারণ (Gen)	তপশীলি জাতি (SC)	তপশীলি উপ-জাতি (ST)	সাধারণ (Gen)	তপশীলি জাতি (SC)	তপশীলি উপ-জাতি (ST)	
১	আউসগ্রাম - ১	১১	৮	৩	৩	৩	১	১	৭	৩	৪০
২	আউসগ্রাম - ২	৩	৪	২	২	২	১	২	৫	৩	২৪
৩	বর্ধমান -১	৪২	১৩	৫	১৭	৫	২	২৫	৮	৩	১২০
৪	বর্ধমান -২	২৫	৮	২	১০	৩	১	১৫	৫	১	৭০
৫	ভাতার	৩৫	১৭	৪	৫	১	১	৬৮	৩০	৭	১৬৮
৬	গলসি-২	১১	২	১	৩	১	০	৭	১	১	২৭
৭	জামালপুর	৪৬	১৫	৫	১৯	৬	২	২৮	৯	৩	১৩৩
৮	খড়খোষ	৩৪	২২	৪	২	৬	১	৩৩	২১	৪	১২৭
৯	মেমারী-১	৩৫	২২	১৩	৫	৩	২	৪০	২৪	১৬	১৬০
১০	মেমারী-২	৭	২	১	১	১	০	২৫	৫	৩	৪৫
১১	রায়না-১	৫০	১৫	৫	১৫	৩	২	৬০	১৫	৫	১৭০
১২	রায়না-২	৪৬	৩২	১	৫	৩	১	৫০	৩৪	১	১৭৩
১৩	গলসি-১	০	৯	৩	৩	০	০	৪	১০	৪	৩৩
১৪	কাটোয়া-১	৭	২	১	৩	১	০	৪	১	১	২০
১৫	কাটোয়া-২	২৭	৮	৩	১১	৩	১	১৬	৫	২	৭৬
১৬	কেতুগ্রাম-১	২২	৫	২	৭	২	১	১৫	৬	১	৬১
১৭	কেতুগ্রাম-২	৫	১	১	২	১	০	২	১	১	১৪
১৮	মঙ্গলকোট	৩৬	১২	৫	১২	৪	১	২২	৬	২	১০০
১৯	কালনা-১	১২	৪	১	১	০	০	২৫	৮	৩	৫৪
২০	কালনা-২	১৬	৫	২	১	০	০	৩৩	১৪	৪	৭৫
২১	পূর্বস্থলী-১	৯	৪	১	১	০	০	১৮	৫	২	৪০
২২	পূর্বস্থলী-২	১২	৪	১	১	০	০	২৭	৯	৩	৫৭
২৩	মস্তেশ্বর	১৮	৯	২	১	০	০	৩৯	১০	৬	৮৫
	জেলার মোট সংখ্যা	৫০৯	২২৩	৬৮	১৩০	৪৮	১৭	৫৫৯	২৩৯	৭৯	১৮৭২

- স্বাক্ষর -

উপকৃষি অধিকর্তা (প্রশাসন),
পূর্ব বর্ধমান।

জ্ঞাতার্থে, ব্যাপক প্রচার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রদত্ত হইল :-

- ১) মাননীয় সভাপতি, জেলা পরিষদ, পূর্ব বর্ধমান ।
- ২) জেলাশাসক, পূর্ব বর্ধমান ।
- ৩) অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ), পূর্ব বর্ধমান ।
- ৪) মহকুমা শাসক, বর্ধমান সদর (উত্তর / দক্ষিণ) / কালনা / কাটোয়া মহকুমা, পূর্ব বর্ধমান ।
- ৫) জেলা তথ্য আধিকারিক, পূর্ব বর্ধমান ।
- ৬) মহকুমা তথ্য ও জন-সংযোগ আধিকারিক, কালনা / কাটোয়া মহকুমা, পূর্ব বর্ধমান ।
- ৭) সভাপতি----- পঞ্চগয়েত সমিতি ।
- ৮) প্রধান----- গ্রাম পঞ্চগয়েত ।
- ৯) ব্লক উন্নয়ন আধিকারিক,----- ব্লক ।
- ১০) সহ-কৃষি অধিকর্তা (প্রশাসন), বর্ধমান সদর / কালনা / কাটোয়া মহকুমা, পূর্ব বর্ধমান ।
- ১১) সহ-কৃষি অধিকর্তা ,-----ব্লক ।

উপকৃষি অধিকর্তা (প্রশাসন),

পূর্ব বর্ধমান ।